বর্ডার গার্ড বাংলাদেশের মাসিক প্রকাশনা

# বিজিবি বুলেটিন

● প্রথম বর্ষ ● ২য় সংখ্যা ● ফাল্গুন-চৈত্র ১৪২৬ ● মার্চ ২০২০

## সূচিপত্র:


প্রাণঘাতী করোনা ভাইরাস মোকাবেলায় বিজিবি'র অনুদান

**Information and Communication Technology Course** এ অংশগ্রহণ

প্রশিক্ষণ পরিদর্শন

সাইকোথেরাপিস্ট কর্তৃক ক্লাশ পরিচালনা

**SITUATION AWARENESS TRAINING** এ অংশগ্রহণ

৪০ মিঃ মিঃ আরএল ফায়ারিং অনুশীলন

ভারী অস্ত্রের ফায়ারিং অনুশীলন

বিজিবির জুডো প্রতিযোগিতা ২০২০

বিজিবি পোষ্য কোটায় সন্তান ও নিকট আত্মীয় ভর্তির পরিসংখ্যান

রাঙ্গামাটিতে হাম ও নিউমোনিয়া রোগে আক্রান্ত শিশু এবং তাদের পরিবারের পাশে দাঁড়িয়েছে বিজিবি



ই মেইল : bgbbuletin@gmail.com

ওয়েব সাইট : www.bgb.gov.bd






## প্রাণঘাতী করোনা ভাইরাস মোকাবেলায় বিজিবি'র অনুদান

প্রাণঘাতী করোনা ভাইরাসের প্রদুর্ভাব মোকাবেলায় ২৯ মার্চ ২০২০ তারিখে বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল মোঃ সাফিনুল ইসলাম, বিজিবিএম (বার), এনডিসি, পিএসসি ভিডিও কনফারেন্সের মাধ্যমে বিজিবি'র সকল স্তরের সদস্যদের পক্ষ থেকে ১ দিনের বেতনের সমপরিমাণ ২,৫২,০২,৮০৩/- টাকা এবং বিজিবি'র কল্যাণ তহবিল থেকে ১০,০০,০০,০০০/- টাকা সর্বমোট ১২,৫২,০২,৮০৩/- (বারো কোটি বায়ান্ন লক্ষ দুই হাজার আটশত তিন) টাকা মাননীয় প্রধানমন্ত্রীর ত্রাণ ও কল্যাণ তহবিলে প্রদান করেন।




## Information and Communication Technology Course

গত ০১ মার্চ ২০২০ হতে ১২ মার্চ ২০২০ তারিখ পর্যন্ত আইসিটি ব্যাটালিয়ন, ঢাকা এর ব্যবস্থাপনায় Information and Communication Technology Course অনুষ্ঠিত হয়েছে। উক্ত কোর্সে বিএসএফ এর অন্যান্য পদবীর ০৮ জন সদস্য এবং বিজিবি'র ০৫ জন সদস্য অংশগ্রহণ করেছে।

## প্রশিক্ষণ পরিদর্শন



এনডিসি পরির্দশন টিমকে ফুল দিয়ে অভ্যর্থণা জানাচ্ছেন সেক্টর কমান্ডার, বিজিবি সিলেট

মার্চ ২০২০ মাসে এনডিসি-২০২০ কোর্সের সদস্যগণ রংপুর রিজিয়নের অধীনস্থ ঠাকুরগাঁও সেক্টর, সোনামসজিদ (কাস্টমস, ইমিগ্রেশন, স্থল বন্দর, বিওপি), বাংলাবান্ধা (বিওপি, স্থল বন্দর), যশোর রিজিয়নের অধীনস্থ যশোর ব্যাটালিয়ন (৪৯ বিজিবি), বেনাপোল (কোম্পানী সদর, কাস্টমস হাউজ, স্থল বন্দর) এবং সরাইল রিজিয়নের অধীনস্থ তামাবিল (কাস্টম, স্থল বন্দর), সংগ্রাম বিওপি, জাফলং পরিদর্শন করেছেন।

## সাইকোথেরাপিস্ট কর্তৃক ক্লাশ পরিচালনা

মানসিক স্বাস্থ্য সম্পর্কিত মোটিভেশন লেকচার প্রদানের জন্য নিয়োগকৃত বেসামরিক সাইকোথেরাপিস্ট কর্তৃক মার্চ-২০২০ মাসে খাগড়াছড়ি ও গুইমারা সেক্টরসহ অধীনস্থ ব্যাটালিয়ন সমূহে এবং গাজীপুর ব্যাটালিয়ন (৬২ বিজিবি) ও নারায়ণগঞ্জ ব্যাটালিয়ন (৬৩ বিজিবি) এ ক্লাশ পরিচালনা করা হয়।


সাইকোথেরাপিস্ট কর্তৃক ক্লাশ পরিচালনার দৃশ্য

## SITUATION AWARENESS TRAINING এ অংশগ্রহণ

গত ০১-০৫ মার্চ ২০২০ তারিখ পর্যন্ত সৌদি আরবের Muhammad Bin Naif Academy, Riyadh এ Situation Awareness Training অনুষ্ঠিত হয়েছে। উক্ত কোর্সে ২০ জন বিজিবি সদস্য অংশগ্রহণ করেছে।


**Situation Awareness Training** এ অংশগ্রহণকারী শিক্ষার্থীবৃন্দ

## ৪০ মিঃ মিঃ আরএল ফায়ারিং অনুশীলন

গত ০৬-১০ মার্চ ২০২০ তারিখ পর্যন্ত ময়মনসিংহ সেক্টরের ব্যবস্থাপনায় ৪০ মিঃ মিঃ আরএল ফায়ারিং অনুশীলন ঘাটাইল ফিল্ড ফায়ারিং রেঞ্জে অনুষ্ঠিত হয়। উক্ত ফায়ারিং এ রংপুর ও সরাইল রিজিয়ন এবং ঢাকা সেক্টরের অধীনস্থ ব্যাটালিয়নের সৈনিকগণ অংশগ্রহণ করছে।



৪০ মিঃ মিঃ আরএল ফায়ারিং অনুশীলন এর দৃশ্য

## ভারী অস্ত্রের ফায়ারিং অনুশীলন

বর্ডার গার্ড ট্রেনিং সেন্টার এন্ড কলেজ, বায়তুল ইজ্জত, চট্টগ্রামে অনুষ্ঠিত ভারী অস্ত্র কোর্সের প্রশিক্ষণার্থীদের গত ০৪-০৮ মার্চ ২০২০ তারিখ পর্যন্ত ১ম পর্ব এবং ২৪-২৫ মার্চ ২০২০ তারিখ পর্যন্ত ২য় পর্বে চট্টগ্রাম এর হাটহাজারী ফিল্ড ফায়ারিং রেঞ্জে ফায়ারিং অনুশীলন সুষ্ঠুভাবে সম্পন্ন হয়।



মর্টার ফায়ারিং এর দৃশ্য

## বিজিবি জুডো প্রতিযোগিতা ২০২০

গত ১৫-১৯ মার্চ ২০২০ তারিখ পর্যন্ত বিজিবি জুডো প্রতিযোগিতা-২০২০ চট্টগ্রাম রিজিয়নের অধিনস্থ রামগড় ব্যাটালিয়নের (৪৩ বিজিবি) ব্যবস্থাপনায় অনুষ্ঠিত হয়েছে। উক্ত প্রতিযোগিতায় চট্টগ্রাম রিজিয়ন চ্যাম্পিয়ন এবং কক্সবাজার রিজিয়ন রানার-আপ হওয়ার গৌরব অর্জন করে। বর্ণিত প্রতিযোগিতায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিএ-৪২২০ ব্রিগেডিয়ার জেনারেল মোঃ মোয়াজ্জেম হোসেন, বিজিবিএম (বার), পিএইচডি, রিজিয়ন কমান্ডার, চট্টগ্রাম। প্রতিযোগিতায় নবীন শ্রেষ্ঠ খেলোয়াড় হিসেবে নম্বর ১০৩১৩১ সিপাহী অমর লাল তঞ্চঙ্গ্যা, দিনাজপুর ব্যাটালিয়ন (৪২ বিজিবি) এবং প্রবীন শ্রেষ্ঠ খেলোয়াড় নম্বর ৭১২৮৭ নায়েক মোঃ মিজানুর রহমান, খাগড়াছড়ি ব্যাটালিয়ন (৩২ বিজিবি) নির্বাচিত হয়।



বিজিবি জুডো প্রতিযোগিতা এর দৃশ্য

# বিজিবি পোষ্য কোটায় সন্তান ও নিকট আত্মীয় ভর্তির পরিসংখ্যান

বর্ডার গার্ড বাংলাদেশ এ ৯৫তম ব্যাচে পোষ্য কোটায় নিজ সন্তান, আপন ভাই ও নিকট আত্মীয় সিপাহী (জিডি) পদে ১৫৬ জন এবং অসামরিক নিয়োগ-২০১৯ (দ্বিতীয় পর্ব) এ ২১ জনসহ সর্বমোট ১৭৭ জন প্রার্থীকে ভর্তি করা হয়।




বিজিবি পোষ্য কোটায় সন্তান ও নিকট আত্মীয় ভর্তির দৃশ্য

# রাঙ্গামাটিতে হাম ও নিউমোনিয়া রোগে আক্রান্ত শিশু এবং তাদের পরিবারের পাশে দাঁড়িয়েছে বিজিবি

সম্প্রতি রাংগামাটি পার্বত্য জেলার বাঘাইছড়ি উপজেলার সাজেক ইউনিয়নের বেতলিং মৌজার দুর্গম প্রত্যন্ত এলাকা লুনথিয়ানপাড়ায় বসবাসকারী ক্ষুদ্র-নৃগোষ্ঠীর বেশ কিছু শিশু হাম ও নিউমোনিয়া রোগে আক্রান্ত হয়। এ প্রেক্ষিতে বিজিবি খাগড়াছড়ি সেক্টর এর তত্ত্বাবধানে বাঘাইহাট ব্যাটালিয়ন(৫৪ বিজিবি) এর সার্বিক ব্যবস্থাপনায় গত ১৯ মার্চ ২০২০ তারিখ শিয়ালদহপাড়া বিওপি হতে ০১টি মেডিক্যাল টিম লুনথিয়ান পাড়ায় প্রেরণ করা হয়। উক্ত টিম হাম ও নিউমোনিয়া রোগে আক্রান্ত ১৬ জন শিশুকে বিনামূল্যে চিকিৎসা সেবা ও প্রয়োজনীয় ঔষধ প্রদান করে। গত ২০ মার্চ ২০২০ তারিখ শিয়ালদহপাড়া বিওপি এবং নিউথাংনাং বিওপি হতে পুনরায় ০২টি মেডিক্যাল টিম লুনথিয়ান পাড়ায় প্রেরণ করে মোট ১১৯ জন হাম ও নিউমোনিয়া রোগীকে বিনামূল্যে চিকিৎসা সেবা ও ঔষধ প্রদান করে। পরবর্তীতে সেনাবাহিনীর সাথে সমন্বয়পূর্বক বিজিবি খাগড়াছড়ি সেক্টর এর তত্ত্বাবধানে ২০ সদস্যের একটি মেডিক্যাল টিম প্রেরণ করা হয়। উক্ত মেডিক্যাল টিম অস্থায়ী ক্যাম্প স্থাপন করে লুনথিয়ান পাড়ায় অবস্থান করে প্রয়োজনীয় চিকিৎসা সেবা প্রদান করে।



সেনাবাহিনী ও বিজিবি'র সমন্বয়ে শিয়ালদহপাড়া বিওপি'র হেলিপ্যাড হতে বিশেষ হেলিসর্টি



গত ২৫ মার্চ ২০২০ তারিখ ০৫ জন শিশু বেশি অসুস্থ হয়ে পড়লে তাদের উন্নত চিকিৎসার জন্য সেনাবাহিনী ও বিজিবি'র সমন্বয়ে শিয়ালদহপাড়া বিওপি'র হেলিপ্যাড হতে বিশেষ হেলিসর্টির মাধ্যমে চট্টগ্রাম মেডিকেলে স্থানান্তর করা হয়। এছাড়াও বিজিবি, সেক্টর সদর দপ্তর, খাগড়াছড়ি এর তত্বাবধানে বাঘাইহাট ব্যাটালিয়ন (৫৪ বিজিবি) এর সার্বিক ব্যবস্থাপনায় পানছড়ি ব্যাটালিয়ন (৩ বিজিবি), বাবুছড়া ব্যাটালিয়ন (৭ বিজিবি), মারিশ্যা ব্যাটালিয়ন (২৭ বিজিবি) এবং খাগড়াছড়ি ব্যাটালিয়ন (৩২ বিজিবি) এর যৌথ সহযোগিতায় অসুস্থ শিশুদের প্রতিনিয়ত গুঁড়ো দুধ, হরলিক্স, বিস্কুট, সুজিসহ শুকনো পুষ্টিকর খাবার বিতরণ করা হয়।